

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়			
গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।			
ডায়েরী নং- ২৮৫৫	তারিখঃ- ২৭/১১/২০	প্রকৌশলীঃ	
অঃ সঃ	সঃ সঃ	উঃ বিঃ এঃ	নিঃ সঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধান প্রকৌশলীর কার্যালয়  
গণপূর্ত অধিদপ্তর  
হিসাব শাখা-১  
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।  
www.pwd.gov.bd



জরুরি  
সীমিত

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.০০৮.২২.৮৯৫

তারিখ: ২৪ আশ্বিন ১৪৩০

০৯ অক্টোবর ২০২৩

বিষয়: মাইক্রোক্রিডিট রেগুলেটরী অথরিটি'র ভবন নির্মাণ শীর্ষক প্রকল্পের বৈদ্যুতিক কাজের ব্যয় নির্বাহের জন্য চেকের মাধ্যমে অর্থ বরাদ্দ।

সূত্র: উপ-পরিচালক এর স্মারক নং/২০৫৯ তারিখঃ-২৭/০৯/২০২৩খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত প্রকল্পের কাজে খরচ করার জন্য ৫০০.০০ লক্ষ (পাঁচ কোটি) টাকা মাত্রা বরাদ্দ করা হলো।

উক্ত খরচ উপ-পরিচালক, মাইক্রোক্রিডিট রেগুলেটরী অথরিটি'র ভবন নির্মাণ শীর্ষক প্রকল্প, বড় মগবাজার, ঢাকা কর্তৃক চেকের মাধ্যমে ৫০০.০০ লক্ষ টাকা প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট ন্যস্ত করেছেন। যার চেক নং-সিডি-এই ৯২৩৬৪৫৫ তারিখঃ-২৭/০৯/২০২৩খ্রিঃ, ব্যাংক এশিয়া লিমিটেড, মগবাজার শাখা। প্রধান প্রকৌশলী মহোদায় চেকে পৃষ্ঠাংকন করতঃ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত প্রেরণ করা হলো।

উক্ত চেকের অর্থ সকল প্রকার আর্থিক বিধি বিধান, নিয়মাচার ও আনুষ্ঠানিকতা পালন পূর্বক ব্যয় করতে হবে। চেক প্রাপ্তির স্বীকৃতি পত্র ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে এ দপ্তরে দাখিল করতে হবে। উক্ত ব্যয় খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ অনুসরণ করতে হবেঃ

০১। প্রত্যাশি সংস্থার সহিত যোগাযোগ পূর্বক অনুমোদিত ডিপিপি অনুযায়ী কাজ সম্পাদন করতে হবে।

০২। কাজ সম্পাদন করা হয়েছে মর্মে প্রত্যাশি সংস্থার নিকট হতে প্রত্যয়ন পত্র প্রাপ্তির পর চূড়ান্ত বিল পরিশোধ করতে হবে।

০৩। বরাদ্দকৃত অর্থ চলতি আর্থিক সালের মধ্যে ব্যয় করতে হবে এবং খরচের হিসাব বিবরণী এ দপ্তরে/ প্রত্যাশি সংস্থার নিকট দাখিল করতে হবে।

০৪। বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদ্ঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।

সংযুক্তিঃ-চেক নং-সিডি-এই ৯২৩৬৪৫৫ তারিখঃ-২৭/০৯/২০২৩খ্রিঃ

ব্যাংক এশিয়া লিমিটেড, মগবাজার, ঢাকা।

টাকার পরিমাণঃ-৫০০.০০ লক্ষ।

৯-১০-২০২৩

মোঃ সাখাওয়াৎ হোসেন

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)

ফোন: ০২২২৩৩৮৮৯১৪

ইমেইল: se\_coord@pwd.gov.bd

নির্বাহী প্রকৌশলী

গণপূর্ত ই/এম বিভাগ-৭, ঢাকা